



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৬ষ্ঠ আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২২-২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



২৩ মার্চ ২০২৩-বৃহস্পতিবার ক্রীড়া উপ-কমিটি (ফুটবল ও হকি), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ভাষা শহীদ রফিক ভবন চত্বরে ৬ষ্ঠ আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২২-২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

এবারের প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৩৫টি বিভাগ ও ৩টি ইনস্টিটিউট সহ মোট ৩৮টি দল অংশগ্রহণ করে এবং ফাইনাল পর্বে ইসলামিক স্টাডিজ বিভাগ চ্যাম্পিয়ন এবং বাংলা বিভাগ রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। এছাড়াও ইসলামিক স্টাডিজ বিভাগের মাহফুজ হাসান প্রীতম সেরা খেলোয়াড়; একই বিভাগের রিফাজুল ইসলাম সেরা গোলরক্ষক হিসেবে এবং বাংলা বিভাগের মুরাদ চৌধুরী সেরা গোলদাতা হিসেবে পদক অর্জন করে।



ক্রীড়া উপ-কমিটি (ফুটবল ও হকি), জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহবায়ক অধ্যাপক ড. মোঃ জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দিন আহমদ এবং শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।